

উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরণী:

সভার তারিখ : ১৮.০২.২০২০ খ্রি.
সময় : দুপুর ২.৩০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ঝিকরগাছা, যশোর
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক কোনবুপ সংশোধনী না থাকায় তা নিশ্চিত বরা হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনার সারসংক্ষেপ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা সংক্রান্ত:	অপরাধ বিবরণী পর্যালোচনায় অফিসার ইনচার্জ জানান ঝিকরগাছা উপজেলায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি পূর্বের তুলনায় অনেক ভাল এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে সংশ্লিষ্ট সকল আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে। অপরাধের স্থানসমূহ চিহ্নিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে বিভিন্ন স্থানে পুলিশ টহল জোরদার করতে হবে। এছাড়াও খুন, চৌদাবাজি, চুরি-ডাকাতি ও ছিনতাই বন্ধসহ কোন অভিযোগের সুনির্দিষ্টতা থাকলে পুলিশ বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কিশোরগ্যাং প্রতিরোধে স্কুল কলেজে অভিভাবক সমাবেশের আয়োজন করতে হবে। নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য সহনীয় পর্যায়ে রাখাসহ পণ্যের সরবরাহ ও যোগান অব্যাহত রাখার জন্য ব্যবসায়ীদের সিন্ডিকেট সৃষ্টির প্রচেষ্টা রোধকল্পে বাজার মনিটরিং জোরদার করতে হবে। বিশেষ করে সরকার নির্ধারিত হারে দ্রব্যসামগ্রী বিক্রয় হচ্ছে কিনা তা তদারকি করতে হবে। সড়ক দুর্ঘটনার স্থানসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। একই সাথে রাস্তায় ফিটনেস ও লাইসেন্স বিহীন যানাহন চলাচল বন্ধের আইনগত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। সার্বক্ষণিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে আইন-শৃঙ্খলার সাথে সংশ্লিষ্ট সবাই তৎপর থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। কিশোর গ্যাং প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি করে সংশ্লিষ্ট সকলের মাধ্যমে তাদের মা, বাবাবা অভিভাবকদের অবহিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। মোটর সাইকেল চালানোর গতিসীমা নিয়ন্ত্রণের জন্য পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এঞ্জিনিয়ার ম্যাজিস্ট্রেট ঝিকরগাছা, যশোর। ২. অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা / নাভারগ হাইওয়ে থানা। ৩. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।

		অপ্রাপ্ত বয়স্ক ছেলেরা বেপরোয়াভাবে মোটরসাইকেল চালানোর ফলে প্রায়শ অনাকাঙ্ক্ষিত সড়ক দুর্ঘটনা ঘটেছে। ফলে সর্বসাধারণের আতঙ্ক দূর করাসহ সড়ক দুর্ঘটনা প্রতিরোধ অভিযান পরিচালনা করতে হবে। তিনি উপজেলার আইন শৃঙ্খলা রক্ষার নিমিত্তে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করেন।		
২	দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ সংক্রান্ত:	উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক কমিটির সভাপতি মহোদয় আসন্ন পবিত্র রমজানে দ্রব্যমূল্যের দাম সহনীয় পর্যায়ে রাখার জন্য নিয়মিত বাজার মনিটরিং জোরদার করার বিষয় উল্লেখ করেন। কোন দ্রব্য মজুদের কৃত্রিম সংকট সৃষ্টি করে মূল্য বৃদ্ধির চেষ্টা করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনী ব্যবস্থা গ্রহণ করতে হবে। তাছাড়া এলপিজি গ্যাস সরকার নির্ধারিত মূল্যে জনগণের নিকট বিক্রয় করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যবসায়ীদের দ্রব্যমূল্যের হালনাগাদ দামের তালিকা দৃশ্যমান স্থানে টানিয়ে রাখা, পাকা ক্রয় রশিদ সংরক্ষণ, পাইকারি বিক্রেতাদের বিক্রয় রশিদ প্রদান ও খুচরা বিক্রেতাদের স্বল্প মুনাফা রেখে যৌক্তিক মূল্যে পণ্য বিক্রয়ের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	১। সকল নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য সহনীয় রাখার লক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। প্রয়োজনবোধে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। ফল, শাকসবজি ও মাছের ক্ষতিকর রাসায়নিক কেমিক্যাল ব্যবহার রোধসহ সকল প্রকার খাদ্যসামগ্রীতে ভেজাল প্রতিরোধ, দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ, হোটেল-রেস্টুরেন্টগুলোতে মানসম্মত খাবার সরবরাহ নিশ্চিতকরণ, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ, যানজট নিরসন অন্যান্য জনগুরুত্বপূর্ণ বিষয়ের উপর নিয়মিতভাবে ড্রাম্যমান আদালত পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৩। প্রতিটি দোকানে পণ্যের মূল্য তালিকা টানিয়ে রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। । পাইকারী পণ্যের ক্রয়ের রশিদ সংরক্ষণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এগ্রিকাল্টিভ ম্যাজিস্ট্রেট, ঝিকরগাছা, ২। প্রশাসক, ঝিকরগাছা পৌরসভা ৩। প্রশাসক/চেয়ারম্যান (সকল), ইউপি, ঝিকরগাছা, যশোর ৪। স্যানিটারি ইন্সপেক্টর, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিকরগাছা ৫। সভাপতি/ সম্পাদক, বণিক সমিতি/বাজার সমিতি (সকল), ঝিকরগাছা, যশোর।
	বাল্য বিবাহ, নারী ও শিশু	উপজেলায় বাল্য বিবাহ বন্ধের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বাল্য বিবাহের সাথে জড়িত কাজীদের শাস্তির আওতায় আনা হয়েছে। বাল্যবিবাহ প্রতিরোধ করার	১। বাল্যবিবাহ রোধে নোটারি পাবলিকের মাধ্যমে বিবাহ সংক্রান্ত	১। অফিসার-ইন-চার্জ, ঝিকরগাছা থানা

নির্যাতনসহ মানব পাচার রোধ:	জন্য স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও অভিভাবকদের সচেতনমূলক সভা করাসহ উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন রোধে গঠিত কমিটিগুলোকে আরও বেশি তৎপর হতে হবে।	এফিডেভিট প্রদানকারী আইনজীবীদের ও অন্য সমস্ত জালকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। বাল্য বিবাহ পড়ানোর দায়ে কাজী ও সংশ্লিষ্ট সকলকে শাস্তির আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। ২। প্রতি শুরুর জুম্মার নামাজের খুৎবাতে ইমাম সাহেবগণ আবশ্যিকভাবে বাল্য বিবাহ, যৌতুক, মাদক-জুয়া, সন্ত্রাস ও জঙ্গীবাদের কুফল সম্পর্কে আলোচনা করবেন।	১। চেয়ারম্যান/প্রশাসক (সকল), ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর ৩। মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
----------------------------	---	---	---

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সকলের সুস্থাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সুপারী সরকার
উপজেলা নির্বাহী অফিসার
ঝিকরগাছা, যশোর।


ও

সভাপতি

উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি।

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সহকারী কমিশনার (ভূমি) ও বিজ্ঞ এড্বিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ঝিকরগাছা, যশোর।
- ২। প্রশাসক, ঝিকরগাছা পৌরসভা, যশোর।
- ৩। অফিসার ইন-চার্জ, ঝিকরগাছা থানা/ নাভারণ হাইওয়ে থানা, ঝিকরগাছা, যশোর।
- ৪। উপজেলা..... অফিসার, ঝিকরগাছা, যশোর।
- ৫। প্রশাসক/চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা..... (সকল) ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর
- ৬। অফিস কপি।


মো: আব্দুল বাক
উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা
ঝিকরগাছা, যশোর।
ও
সদস্য সচিব
উপজেলা আইন-শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি।